লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 5th Semester Examination, 2024-25

## BNGADSE02T-BENGALI (DSE1/2)

DINABANDHU MAHAVIDYALAYA Estd.-1947 CENTRAL LIBRARY

### বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক -১**

(ক) 'মুচিরাম গুড়ের জীবনচরিত' - বঙ্কিমচন্দ্রের সমকালীন বঙ্গসমাজের কিছু অপদার্থ সুবিধালোভী মানুষেরই জীবনকথা। — আলোচনা করো। ১০

**অথবা**

(খ) সরস এবং ব্যাঙ্গাত্মক ভাষার ব্যবহারে 'মুচিরাম গুড়ের জীবনচরিত' অনন্য। — দৃষ্টান্তসহ বিশ্লেষণ করো। ১০

**একক - ২**

(গ) সমকালের পশ্চিম এবং ভারত সভ্যতার স্বাতন্ত্র্যের দিকগুলি স্বামী বিবেকানন্দের অনুভবে কীভাবে প্রকাশ পেয়েছে, — 'প্রাচ্য ও পাশ্চাত্য' অনুসরণে তার পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) স্বামী বিবেকানন্দের কাছে সেদিনকার ইয়োরোপীয় সভ্যতার অগ্রণী প্রতিনিধি 'পারি ও ফ্রাঁস' আধুনিকতার ঔজ্জ্বল্য নিয়ে কীভাবে আত্মপ্রকাশ করেছে, 'প্রাচ্য ও পাশ্চাত্য' অনুসরণে তা' নির্দেশ করো। ১০

**একক -৩**

(ঙ) "....আমাদের ভিতরকার সমস্ত সামঞ্জস্য নষ্ট করিয়া আমাদের মনটা অত্যন্ত বৃহৎ হইয়া পড়িয়াছে।" 'পঞ্চভূত'-এর 'মন' রচনায় স্বাধীনবিহারী মনকে রবীন্দ্রনাথ যে বিচিত্র তাৎপর্যে মণ্ডিত করেছেন তার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) "অনন্তের ভার এ জগৎ কেমন করিয়া বহন করিত মৃত্যু যদি সেই অনন্তকে আপনার চিরপ্রবাহে নিত্যকাল ভাসমান করিয়া না রাখিত ?" - 'মৃত্যু' কেমন ক'রে জগতের অসীম অনন্ত রূপ ব্যক্ত করে চলেছে 'অপূর্ব রামায়ণ' অনুসরণে তা' বিশ্লেষণ করো। ১০

একক - ৪

(ছ) যৌবনের উত্তালতা পার হ'য়ে 'উত্তর তিরিশ'-এ বুদ্ধদেব বসু আত্মোপলব্ধির যে দিগন্তরেখা স্পর্শ করেছেন সে সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

(জ) বাঙালির জীবনচর্যার অন্তর্গত আড্ডাকে কীভাবে সরস, জীবন্ত এবং রুচিসম্মত ক'রে তোলা যায়, বুদ্ধদেব বসুর 'আড্ডা' রচনা অনুসরণে তার পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২= ১০

(ক) "মুচিরাম অল্পদিনেই জানিল যে যাত্রাওয়ালার জীবন সুখের নয়।" - 'যাত্রাওয়ালা'-দের জীবনকে লেখক কেন 'সুখের নয়' বলেছেন? ৫

(খ) রামানুজাচার্য ভোজ্যদ্রব্য সম্বন্ধে যে তিনটি দোষের উল্লেখ করেছেন, 'আহার ও পানীয়' অনুসরণে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(গ) "... কমেডির হাস্য এবং ট্র্যাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে।" - কোন্ রচনার অংশ? উদ্ধৃতিটির নিহিত ব্যঞ্জনা পরিস্ফুট করো। ১+৪

(ঘ) "কিন্তু শুধুমাত্র ক্ষণিক ব'লেই কোনো-কিছু উপেক্ষণীয় নয়।" - কোন্ প্রসঙ্গে এই মন্তব্যের অবতারণা? এর নিহিতার্থ বুঝিয়ে লেখো। ২+৩

——×——

DINABANDHU MAHAVIDYALAYA
Estd.-1947
CENTRAL LIBRARY